Semester 2 Course Code – CC4

Educational Psychology –II

Worksheet 1 – Brief discussion on Personality with related questions

Material developed by- Rakhi Bhattacharya.
Assistant Professor. Education. W.B.E.S.

আজকের আলোচনার বিষয় ব্যক্তিত্ব। আলোচনার পর আমরা এই বিষয়ে যা জানতে পারব সেগুলি হল –

- ব্যক্তিত্বের অর্থ ও প্রকৃতি
- ব্যক্তিত্বের বিকাশ তত্ত্ব
- ব্যক্তিত্বের প্রকারভেদ ও সংলক্ষণ
- ফ্রয়েডের মনঃসমীক্ষণ তত্ত্ব
- ব্যক্তিত্বের মানবতাবাদ তত্ত্ব
- ব্যক্তিত্বের পরিমাপ

প্রারম্ভিক আলোচনা – " ও খুব হাসিখুসি", " ইনি বেজায় রাশভারী", " বাইরে হাসলে কি হবে, মনে কিন্তু অনেক প্যাঁচ" এই কথা গুলি আমরা হামেশাই শুনি আর বলি। আবার অন্যের সম্বন্ধে যখন বলি " কি সুন্দর কথা বলে, কি ভালো লাগে সময় কাটাতে ওর সাথে" সেটি কি তার কথা বলার পটুতা, বাহ্যিক সৌন্দর্য নাকি ওই ব্যক্তির "ব্যক্তিত্ব"-এর গুন?

এবার ভাবো "ও তো ক্লাসে মুখ-ই খোলে না" , "তোর কোনো বন্ধু নেই কেন?" " তোর এতো বন্ধু কিসের রে?" "পড়ায় মন নেই কেন? ছোটবেলায় কি ভালো ছিলি।" - এই কথা গুলিও পড়াশোনার ক্ষেত্রে ব্যবহার হয়। প্রতিটি ক্ষেত্রেই আমাদের এমন কোন ব্যবহারের কথা বলা হচ্ছে যার দৈহিক অস্তিত্ত নেই। কিন্তু জীবনযাপনে , শিক্ষাজীবনে প্রশ্নগুলি অনেকসময় খুবই জরুরি হয়ে পরে। তাই একটু থামো ও ভাবো। তুমি কেমন ? ভালো মন্দের বিচার নয়, শুধু নিজেকে জানার চেষ্টা।

শিক্ষায় ব্যক্তিত্বের ধারনা জরুরি কেন এই প্রশ্ন মনে আসা স্বাভাবিক। প্রধান কারন গুলি নিম্নরূপ –

- শিক্ষাকে কার্যকরী হয়ে ওঠার জন্যে শিক্ষার্থীর ব্যক্তিত্ব সম্মন্ধে ধারনা একান্ত জরুরি।
- শিক্ষার্থীদের ব্যক্তিত্বে যে বৈচিত্র্য রয়েছে তার স্বীকৃতি প্রয়োজন।
- শিক্ষার্থীর ব্যক্তিত্ব বৈচিত্রকে গুরুত্ব দিয়ে শিক্ষা পরিকল্পনা।
- শিক্ষার্থীর ব্যক্তিত্ব বৈচিত্রকে প্রাধান্য দিয়ে শিখন – শিক্ষন প্রক্রিয়া উপস্থাপন।
- শিক্ষার্থীর ব্যক্তিত্ব বৈচিত্রকে প্রাধান্য দিয়ে মুল্যায়ন পদ্ধতি নির্বাচন
- ব্যক্তিত্ব বৈষম্যের কারনে পীড়নের শিকার শিক্ষার্থীর সনাক্তকরন ও ব্যবস্থা গ্রহণ।
- সর্বোপরি আগামী প্রজন্মের মধ্যে মানুষে মানুষে মনের গঠনে যে পার্থক্য তার সচেতনতা তৈরি।

[তোমার আর কোন কোন কারন মনে হচ্ছে তালিকায় যোগ করো।]

মূল পাঠ –

ব্যক্তিত্ব বিষয়ে আলোচনা ও পাঠের মাধ্যমে যে প্রশ্নগুলির উত্তর খোঁজা হবে সেগুলি হল –

১) ব্যক্তিত্বের একটি সর্বজনগ্রাহ্য সংজ্ঞা দাও। ২

২) আলপোর্ট ব্যক্তিত্ব প্রসঙ্গে কি সংজ্ঞা দিয়েছেন ? ২

৩) ব্যক্তিত্বের প্রকৃতি উল্লেখ করো। ৪

৪) ক্যাটেলের মতে ব্যক্তিত্বের উপাদান গুলি কি কি? ২

৫)সংলক্ষণ কাকে বলে ? ২

৬) "ইয়ুং –এর ব্যক্তিত্বের টাইপ" বলতে কি বোঝো ? ৫

৭) আইসেঙ্কের ব্যক্তিত্বের মাত্রা বলতে কি বোঝো ? ৫

8) ফ্রয়েডের মনঃসমীক্ষণ তত্ত্বে মনের উপাদান ও ব্যক্তিত্বের উপাদান সম্বন্ধে সংক্ষিপ্ত টিকা লেখ। ৮

৯) ফ্রয়েডের ব্যক্তিত্ব বিকাশের স্তর গুলি উল্লেখ করো। ৫

১০) ব্যক্তিত্বের মানবতাবাদ তত্ত্ব বলতে কি বোঝো ? ৫

১১) শিক্ষায় ব্যক্তিত্বের ধারনা জরুরি কেন? ৫

১২) শিক্ষকের "ব্যক্তিত্বের ধারনা" থাকা জরুরি কেন ? ৩

১৩) "ব্যক্তিত্বের ধারনা" ও শিখনের মধ্যে কোন সম্পর্ক আছে বলে কি তুমি মনে করো? ৫

১৪) ব্যক্তিত্বের পরিমাপ সম্বন্ধে সংক্ষিপ্ত টিকা লেখ। ৮

১৫) যেকোনো একটি ব্যক্তিত্বের প্রতিফলন অভীক্ষা বর্ণনা করো। ৫

উল্লিখিত প্রশ্নগুলির উত্তর অনুসন্ধানের জন্যে নিচে কিছু বই ও লিঙ্কের কথা বলা হল। পাঠ শুরু করো। ব্যক্তিত্ব সম্বন্ধে পাঠের সময় যে বিষয়গুলি গুরুত্ব দিয়ে ভাবতে হবে সেগুলি নিম্নরূপ –

ব্যক্তিত্ব পাঠের আগে তোমার নিজের ধারনা কি সেটি লিখে রাখ। মানুষের ব্যক্তিত্ব বলতে তুমি কি বোঝো? পাঠের পরে ব্যক্তিত্ব সম্বন্ধে তোমার যে ধারনা হল , আর আগে যা ছিল দুটির পার্থক্য তুলনা করো।

ব্যক্তিত্বকে সংজ্ঞা দেওয়ার ক্ষেত্রে একটি কালক্রম রয়েছে, সময়ের সঙ্গে সঙ্গে সংজ্ঞার চরিত্র পরিবর্তন হয়েছে। মাথার খুলি দেখে ব্যক্তিত্ব বোঝা আর প্রতিফলনের মাধ্যমে বোঝা এক নয়। সংজ্ঞার এই পরিবর্তনকে বোঝার চেষ্টা করো।(ক্যাটেল, আলপোর্ট, ইয়ুং,এডলার...)

সংজ্ঞা পাঠ করার পর নিজে নিজে বৈশিষ্ট্য খোঁজার চেষ্টা করো। উদাহরণ সহ –

আলপোর্টের মতে " It is the dynamic organization of those psychophysical systems within man that determines his or her unique adjustment to environment".

এখানে বৈশিষ্ট্য খুঁজলে পাবো – "dynamic organization" "psychophysical systems" "within man" "determines" "unique adjustment" "to environment" । শুধু একটি সংজ্ঞা থেকে প্রকৃতি ও বৈশিষ্ট্য লেখা উচিৎ নয়। সংজ্ঞাগুলি নিজে বিশ্লেষণ করো ও উত্তর করো।

মনবিদগণ যখন ব্যক্তিত্বে যে বৈচিত্র্য রয়েছে তার ব্যাখ্যা করেছেন তার মধ্যে মূল দুটি ধারা রয়েছে। এটি আমরা "type and trait" বলে জানি । " টাইপ" বলতে শ্রেণী বোঝানো হয়েছে। যেমন ইয়ুং বলেছেন মানুষের ব্যক্তিত্ব দুই ধরনের – বহিমুখী ও অন্তমুখী । কিন্তু এই বিষয়ে ব্যাখ্যা করতে গিয়ে আইসেঙ্ক বলছেন আসলে বহিমুখী-অন্তমুখী একই গুনের দুটি মাত্রা। এখানেই " ট্রেট বা সংলক্ষন" এর ধারনা তৈরি হল।

ট্রেট বা সংলক্ষন হল অনেকগুলি এক ধরনের পরিস্থিতিতে ব্যক্তির যে আচরণের প্রবনতা দেখা যায়। বিষয়টি পড়ার জন্যে প্রণব স্যারের "শিক্ষা মনবিজ্ঞানের রূপরেখা" ব্যবহার করতে পারো ।

ফ্রয়েডের ব্যক্তিত্ব বিকাশের তত্ত্বটি পাঠের আগে ফ্রয়েডের মনঃসমীক্ষণ তত্ত্বে মনের উপাদান ও ব্যক্তিত্বের উপাদান সম্বন্ধে স্পষ্ট ধারনা থাকা দরকার। নিচের ছবিটি নিজে ব্যাখ্যা করতে পারছ কিনা দেখ।



lumenlearning.com থেকে

ছবি১- ফ্রয়েডের " স্টরাকচারাল মডেল"

ভালো করে দেখ ।

ছবিটি নিজে ব্যাখ্যা করো। কোনো অসুবিধা আছে কি? কোথায় অসুবিধা ? লিখে রাখো । (প্রশ্ন ১৬)

লিবিডো-এর ধারনা ফ্রয়েডের ব্যক্তিত্ব বিকাশের তত্ত্বটি বোঝার ক্ষেত্রে একান্ত জরুরি। "লিবিডো" হল মানুষের মৌলিক যৌনমানসিক শক্তি (psychosexual energy) যা জন্মের পর থেকে নানা স্তরের মাধ্যমে প্রবাহিত হয়ে অহংকে শক্তিশালি করে তোলে । মানুষের অস্তিত্ত বজায় রাখার জন্যে এই অহং – এর নির্মাণ একান্ত প্রয়োজন। এই অংশের ব্যাখ্যাটি ফ্রয়েডের মনঃসমীক্ষণ তত্ত্বে বিতর্কিত কিন্তু অত্যন্ত গুরুত্তপূর্ণ অংশ । বিশেষ করে পরবর্তীকালে "অপসঙ্গতি ও প্রতিরক্ষন কৌশল" আলোচনার ক্ষেত্রে এই তত্ত্বটি ভিত্তি হিসেবে কাজ করবে। তাই ফ্রয়েডের ব্যক্তিত্ব বিকাশের পর্যায় গুলির মধ্যে কিভাবে লিবিডো সংবাহিত হয় ও রূপ বদলায় অনুসরণ করতে হবে।

ওপরের আলোচনা থেকে আমরা বুঝলাম ফ্রয়েডের ব্যক্তিত্ব বিকাশের তত্ত্বটি পাঠের জন্যে প্রথমে মনের উপাদান ও ব্যক্তিত্বের উপাদান, এর পর লিবিডোর ধারনা ও শেষে ব্যক্তিত্ব বিকাশের স্তর গুলি পাঠ করতে হবে।

ব্যক্তিত্বের মানবতাবাদ তত্ত্বের জন্যে প্রয়োজনীয় লিঙ্ক দেওয়া হল। মানবতাবাদ তত্ত্বের প্রধান প্রবক্তা রজার্স , কেলি, ম্যাসলো প্রমুখ মনবিদ। " আত্ম" বা সেলফ এর নির্মাণ, প্রত্যয় ও আত্মপ্রকাশ মানবতাবাদ তত্ত্বের প্রধান আলোচ্য বিষয় যা পরামর্শ দানের ক্ষেত্রে গুরুত্তপূর্ণ ভূমিকা গ্রহণ করে ।

ব্যক্তিত্বের পরিমাপ সম্বন্ধে ধারনা যে মূল ভিত্তির উপর গড়ে উঠেছে সেটি হল ব্যক্তিত্ব পরিমাপের প্রতিবন্ধকতা । দার্শনিক ক্ষেত্রে উপযুক্ত যুক্তি পরম্পরায় যুগে যুগে যে "self" এর কথা বলা হয়েছে তার বৈজ্ঞানিক প্রামান্যতা জোগাড় করার পথটি অত্যন্ত দুরূহ। কিন্তু সংজ্ঞা পাঠের সময় আমরা দেখেছি যে কালে কালে ব্যক্তিত্ব কি ও কি দিয়ে গঠিত এটি প্রামান্যতার দিকে এগিয়েছে। আর সেই অগ্রগতির সঙ্গে সঙ্গে মানুষের ব্যক্তিত্বকে কিভাবে মাপা সম্ভব এই ধারনাও স্পষ্ট হয়েছে। তাই এই অংশটি পড়ার সময় সর্বদা মনে রাখা দরকার পরিমাপ একটি বৈজ্ঞানিক পদ্ধতি। পরিমাপের ওপর ব্যক্তির প্রভাব ত্রুটি (error) তৈরি করে। তাই ব্যক্তিত্ব পরিমাপের ক্ষেত্রে ব্যাপারটা শোনায় সোনার পাথর বাটির মত। আর এখানেই প্রতিফলন মূলক অভিক্ষা (projective test) এর গুরুত্ব। পরিমাপ অংশটিও ধাপে ধাপে পড়ার চেষ্টা করো ও আধুনিক পধতিগুলি কেন বৈজ্ঞানিক ও নির্ভরযোগ্য খুঁজে দেখ।

****

একটু মজা -

আমরা অনেক সময় বলি " তোর কোন ব্যক্তিত্ব নেই"। তার মানে ওই ব্যক্তির ব্যক্তিত্ব মাপলে ফলাফল শূন্য হবে, তাই তো?

হবে? হবে না? কেন? (প্রশ্ন ১৭)

** ১৩ই এপ্রিল,২০২০ আমরা এই বিষয়টি নিয়ে সরাসরি আলোচনা করব। সময় গ্রুপে ঠিক হবে। উত্তর গুলি এর আগে তৈরি করে রেখ।

প্রয়োজনীয় বই-

১) শিক্ষা মনবিজ্ঞানের রূপরেখা - প্রণব কুমার চক্রবর্তী

২) শিক্ষা মনবিদ্যা – অরুন ঘোষ

৩) শিক্ষা মনবিদ্যা – সুশীল রায়

৪) Advanced Educational Psychology – S.K.Mongal

প্রয়োজনীয় লিঙ্ক

১） Psychology Book. NCERT. Class Twelve. http://www.ncert.nic.in/NCERTS/l/lepy102.pdf

২) ফ্রয়েডের ব্যক্তিত্ব বিকাশের তত্ত্ব- https://courses.lumenlearning.com/boundless-psychology/chapter/psychodynamic-perspectives-on-personality/

৩) মানবতাবাদ তত্ত্ব - https://courses.lumenlearning.com/boundless-psychology/chapter/humanistic-perspectives-on-personality/

৪) ব্যক্তিত্বের পরিমাপ https://courses.lumenlearning.com/boundless-psychology/chapter/assessing-personality/

Developer has used all the books and links and sincerely grateful for that.